

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭

আগরতলা, ৫ এপ্রিল, ২০২৪

দশরথ দেব স্পোর্টস কমপ্লেক্স পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ সন্ধ্যায় বাধারঘাটস্থিত দশরথ দেব স্পোর্টস কমপ্লেক্সটি পরিদর্শন করেন। সেখানে রাজ্যপালকে স্বাগত জানান যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা এস বি নাথ। রাজ্যপাল কমপ্লেক্সের ট্র্যাক অ্যান্ড ফিল্ড গ্রাউন্ড, হকি মাঠ, টেনিস কোর্ট, টেনিস সেন্টার, হ্যান্ডবল কোর্ট, ইন্ডোর জিমন্যাসিয়াম, রাইমা সুইমিং পুল পরিদর্শন করেন। সেখানে পরিদর্শনকালে রাজ্যপাল শিক্ষক, কোচ, স্পোর্টস স্কুলের আধিকারিক এবং ছাত্রছাত্রীদের সঙ্গে কথাবার্তা বলেন। সেখানে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে রাজ্যপাল এই সেন্টারে যে সমস্ত সুযোগ সুবিধা রয়েছে তার সঠিকভাবে কাজে লাগানোর জন্য খেলাধুলার সঙ্গে যারা যুক্ত তাদের প্রতি আহ্বান জানিয়েছেন। রাজ্যপালের পরিদর্শনের সময় স্পোর্টস কমপ্লেক্সে উপস্থিত ছিলেন রাজ্যপালের উপসচিব রতন ভৌমিক এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের আধিকারিকগণ।
